

প্রেসিডেন্ট জর্জ বুশ এবং লরা বুশ সাইক্লোন সিডর-এ^র ক্ষতিগ্রস্তদের জন্য শোক প্রকাশ করেছেন

ওয়াশিংটন, ১৮ই নভেম্বর -- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জর্জ বুশ এবং তার স্ত্রী মিসেস লরা বুশ
বাংলাদেশে সাইক্লোন সিডর-এর আঘাতে ক্ষতিগ্রস্তদের জন্য শোক প্রকাশ করেছেন বিশেষ করে তাদের জন্য
যারা এই মর্মান্তিক ঘটনায় তাদের স্বজন, বাড়িগুলি এবং জীবিকা অর্জনের উপায় হারিয়েছেন। জরুরী ত্রাণকাজে
যুক্তরাষ্ট্র সরকার প্রাথমিক অনুদান হিসেবে আনুমানিক ২১ লাখ ডলার প্রদান করেছে।

এছাড়াও, ত্রাণ ও পুনর্বাসন কাজে সহায়তার জন্য ইউএসএস এসেন্স এবং ইউএসএস কিয়ারসার্জ
বাংলাদেশের পথে রওনা দিয়েছে। খাদ্য বাদে অন্যান্য প্রয়োজনীয় ত্রাণ সহায়তা হিসেবে ‘ইউএসএআইডি’
বিমানে করে ৩৫ টন প্লাস্টিক শীট, পানি রাখার জন্য জেরিক্যান, হাইজিন কিট এবং অন্যান্য সামগ্রী প্রদান
করবে। যুক্তরাষ্ট্র প্রতিরক্ষা দপ্তরের ১৮ সদস্য বিশিষ্ট একটি চিকিৎসক দল, যারা এই সাইক্লোনের আগে
থেকেই বাংলাদেশে অবস্থান করছিল, বর্তমান পরিস্থিতিতে চিকিৎসা সহায়তা প্রদান করার জন্য সেখানে
রয়েছে। কোন্ কোন্ ক্ষেত্রে আমাদের সহায়তা সবচেয়ে বেশি কার্যকর হবে তা নির্ধারণ করার জন্য গুরুত্বপূর্ণ
ক্ষেত্রসমূহ নিরূপণ করতে আমরা বাংলাদেশ সরকারের সাথে একত্রে কাজ করে যাচ্ছি।

এই দুযোগের পর দেশকে পুনরায় গড়ে তোলা এবং ক্ষয়ক্ষতি কাটিয়ে ওঠার চ্যালেঞ্জ মোকাবেলার
জন্য বাংলাদেশের জনগণ এবং তাদের সরকারকে সাহায্য করতে যুক্তরাষ্ট্র সরকার প্রতিশ্রুতিবদ্ধ।

=====

জিআর/ ২০০৭

দ্রষ্টব্য: এই নিবন্ধের ইংরেজি ভাষ্য ‘আমেরিকান সেন্টার’-এ পাওয়া যাবে। যদি আপনি ইংরেজি ভাষ্যটি পেতে
অস্বাক্ষর হন, তবে ‘আমেরিকান সেন্টার’-এর প্রেস সেকশনে (টেলিফোন: ৮৮০৭১৫০-৪, ফাক্স: ৯৮৮৬৬৮৮; ই-
মেইল: DhakaPA@state.gov এবং ওয়েবসাইট: dhaka.usembassy.gov) যোগাযোগ করুন।